দৈনিক জনকণ্ঠ

17

তারিখ ... 12 MAR 1997 ...
পৃষ্ঠা ৪ কলাম ৫

এসোসিয়েশন নেতৃবৃন্দ

# কিন্ডারগার্টেন সরকারী নিয়ন্ত্রণে নেয়ার উদ্যোগকে স্বাগত জানাই

**স্টাফ রিপোর্টার ॥** 'দেশের প্রায় সকল ইংলিশ মিডিয়াম স্কুল ও কিছু কিছু কিন্ডার গার্টেন শিক্ষার নামে রীতিমতো ব্যবসা চালিয়ে যাচ্ছে। এসব শিক্ষাপ্রতিষ্ঠানে কঠোর গোপনীয়তা রক্ষা করা হয়, বেতন ও বিভিন্ন নামে বিভিন্ন ফি বাড়ানো হয় অযৌক্তিকভাবে।' এ বক্তব্য বাংলাদেশ কিন্ডার গার্টেন এসোসিয়েশন নেতৃবৃন্দের। সোমবার এসোসিয়েশন আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে নেতৃবৃন্দ একথা বলেন। জাতীয় প্রেসক্লাবে এ সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

এ সময় এসোসিয়েশন নেতৃবৃন্দ সকল কিন্ডার গার্টেন ও ইংলিশ মিডিয়াম স্কুল সরকারী নিয়ন্ত্রণে আনার পদক্ষেপকে স্বাগত জানান। তবে নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটিতে এসোসিয়েশনের কোন প্রতিনিধি না রাখায় তাঁরা [illegible] প্রকাশ করেন। তাঁরা বলেন, কিন্ডার গার্টেন ও ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর জন্য সুষ্ঠু নীতিমালা প্রণয়নে আমরা সরকারকে সহযোগিতা করতে চাই।

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসোসিয়েশনের পক্ষ থেকে বলা হয়, সব কিন্ডার গার্টেন সমান নয়। কিছু কিছু ইংলিশ মিডিয়াম স্কুল ও কিন্ডার গার্টেনের ব্যবসায়িক মনোভাব এ শিক্ষাব্যবস্থা সম্পর্কে জনগণের মনে নেতিবাচক প্রভাব ফেলছে।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্যে জানানো হয় যে, '৯৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত হিসাব অনুযায়ী দেশে মোট ৫ হাজার ৮শ' ৫০টি কিন্ডার গার্টেন ও ৮৮টি ইংলিশ মিডিয়াম স্কুল রয়েছে। এর মধ্যে ঢাকা শহরে কিন্ডার গার্টেনের সংখ্যা ১ হাজার ৫শ' ১১ এবং ইংলিশ মিডিয়াম স্কুলের সংখ্যা ৫১টি।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন কিন্ডার গার্টেন এসোসিয়েশনের চেয়ারম্যান মিসেস তাহেরা খানম, কো-চেয়ারম্যান খন্দকার মোঃ জওহের, ভাইস চেয়ারম্যান মিসেস ইয়াসমিন রাব্বানী ও মিসেস জাহেদা রহমান প্রমুখ।